

অবশেষে বঙ্গবন্ধু ভার্টিসিটি ভিসির পদত্যাগ

স্টাফ রিপোর্টার ॥ অপসারণের আলামত টের পেয়ে অবশেষে পদত্যাগ করেছেন গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিতর্কিত উপাচার্য অধ্যাপক খোন্দকার নাসিরউদ্দিন। অপসারণ করে আইনী ব্যবস্থা নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সুপারিশের একদিন পরই সোমবার শিক্ষা মন্ত্রণালয়ে এসে পদত্যাগপত্র দাখিল করেছেন আলোচিত এ উপাচার্য।

সোমবার সকাল থেকে পূর্ব নির্ধারিত কর্মসূচীতে অংশ নেয়ার জন্য শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি, উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী ও শিক্ষা সচিব মোঃ সোহরাব হোসেইন ছিলেন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে। ফলে তাদের কারও কাছে পদত্যাগপত্র দিতে পারেননি উপাচার্য। এরপর দুপুরে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) আবদুল্লাহ আল হাসান চৌধুরীর কাছে পদত্যাগপত্র জমা দেন তিনি। তবে উপাচার্যের সঙ্গে থাকা এক কর্মকর্তা বলেছেন, পদত্যাগপত্র জমা দেয়ার আগে মন্ত্রী ও উপমন্ত্রীর কাছে জানিয়েছেন তিনি আর পদে থাকতে চান না।

পরে সন্ধ্যায় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি তার পদত্যাগপত্র দেয়ার বিষয়টি নিশ্চিত করে বলেছেন, হ্যাঁ পদত্যাগপত্র পেয়েছি। এখন বিধি অনুসারে ব্যবস্থা নেয়া হবে। এদিকে গোপালগঞ্জ থেকে জনকণ্ঠের নিজস্ব সংবাদদাতা নীতিশ চন্দ্র বিশ্বাস জানিয়েছেন, গোপালগঞ্জ থেকে পুলিশ প্রহরায় রবিবার রাতে উপাচার্যের ক্যাম্পাস ত্যাগ করার পরেও শিক্ষার্থীরা সোমবার দ্বাদশ দিনের মতো আন্দোলন করেছেন। শিক্ষার্থীরা উপাচার্যের দ্রুত অপসারণে ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কাছে দাবি জানিয়েছে। সকালে বিশ্ববিদ্যালয়ের জয় বাংলা চত্বরে এক প্রেস-ব্রিফিংয়ে আন্দোলনরত শিক্ষার্থীরা এ দাবি জানায়।

প্রেস-ব্রিফিংয়ে শিক্ষার্থীরা আরও জানান, তারা বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক অবস্থায় ফিরে যেতে চায়। এজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরেই যেন দুর্নীতিবাজ ভিসি নাসিরউদ্দিনের অপসারণের ব্যবস্থা নেন। পাশাপাশি নিরীহ শিক্ষার্থীদের ওপর হিংস্র হামলাকারীদেরও বিচারের কাঠগড়ায় দাঁড় করানোর জন্য তারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানায়।

ইউজিসির প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে শিক্ষার্থীরা বলেছেন, ইউজিসি বর্তমান ভিসির দুর্নীতি ও স্বৈরাচারসহ নানা অপকর্মের বাস্তব রূপ অনুসন্ধান করে তার বহিস্কার চেয়েছেন। যা ছিল আন্দোলনরত সকল শিক্ষার্থীর প্রাণের দাবি।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাফিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),

১৫৬ নূৰ আহমদ সড়ক (জুবিলী ৰোড), চট্টগ্ৰাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com